# Times Today BD

কাজী শহিদুল্লাহ তনয় | দেশজুড়ে | 18 June, 2025

আশুলিয়ায় গ্যাসের লিকেজ থেকে বিস্ফোরণে একটি দ্বিতল ভবন ধসে পড়েছে।এসময় অন্তত ৬ জন দগ্ধ হলে তাদের হাসপাতালে ভর্তি করা হয়েছে।

বুধবার (১৮ জুন) সকাল ৭ টা ১৫ মিনিটের দিকে আশুলিয়ার নিশ্চিন্তপুরের মন্ডল মার্কেট সংলগ্ন বাধিয়ারপাড়ের জুয়েল আহমেদের বাড়িতে এ ঘটনা ঘটে।বাড়িটি নিম্নমানের সামগ্রী দিয়ে নির্মান করা হয়েছিল বলে অভিযোগ রয়েছে।

দগ্ধরা হলেন- জাহানারা (৪০), জুয়েল (২৪), শান্ত (২১), হাওয়া আক্তার (২৩), জহুরুল ইসলাম (২৬) ও নাসির (৩৮)।নাসির প্রাথমিক চিকিৎসা নিয়ে চলে গেলেও বাকিরা দগ্ধ অবস্থায় হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন।এদের মধ্যে দুইজন আশঙ্কাজনক বলে জানা গেছে।

স্থানীয়রা জানায়, জুয়েল মিয়া নিম্ন মানের নির্মান সামগ্রী ও অপরিকল্পিতভাবে বাড়ি নির্মান করে ভাড়া দিয়েছিলেন।সেই বাড়ির কক্ষে লিকেজ থেকে গ্যাস জমে ছিল।ফলে রান্নার সময় বিকট শব্দে বিস্ফোরণ হয়।এসময় ভবনটি ধসে পরে ও অগ্নিকান্ডের সৃষ্টি হয়।এই আগুনে অন্তত ৬ জন দগ্ধ হয়।পরে স্থানীয়রা তাদের উদ্ধার করে নারী ও শিশু হাসপাতালে ভর্তি করেন।

জুয়েল মিয়ার বাড়ির ম্যানেজার শামীম মিয়া বলেন, নিচতলার ভাড়াটিয়া জহুরুল ইসলামের রুমের রাইজারে লিকেজ ছিল।দরজা জানালা বন্ধ থাকায় সারা-রাত গ্যাস বের হয়ে ঘরে জমে ছিল।সকাল ৭ টা ১৫ মিনিটের দিকে রান্নার জন্য আগুন জ্বালাতেই বিকট শব্দ হয়ে বাড়ি ধসে পড়ে। ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে। শব্দের কারণে পাশের বাড়ির জানালার কাঁচ পর্যন্ত ভেঙে গেছে। এখানে ফায়ার সার্ভিস ও পুলিশ এসেছিলেন।তারা তদন্ত করছেন।

এবিষয়ে জিরাবো মডার্ন ফায়ার সার্ভিসের ডিউটিম্যান আল রিফাত তালুকদার বলেন, লিকেজ থেকে জমা গ্যাসের কারণে বিস্ফোরণ হয়েছে। সিলিন্ডার বিস্ফোরণের কোন ঘটনা ঘটে নি।বিষয়টি তদন্ত করে দেখা হচ্ছে।

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 22:03

URL: https://timestodaybd.com/across-the-country/3463775807